# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২ ৭ ৮

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ নিগার একটি বাণিজ্যিক ব্যাংকের প্রবেশনারি অফিসার হিসেবে চাকরিতে যোগদান করেছে। প্রশিক্ষণের অংশ হিসেবে তাকে ক্যাশ শাখা, ঋণ শাখা, রিটেল ব্যাংকিং ইত্যাদি শাখায় কাজ করতে হয়েছে। ছয় মাসের প্রশিক্ষণ শেষে তাকে চাকুরিতে বেতন স্কেল প্রদান করা হয়।


ক. কর্মী সংগ্রহ কী? ১

খ. পদোন্নতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে প্রশিক্ষণের কোন পদ্ধতি অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রমটি ফলপ্রসূ কিনা? তোমার মতামত দাও। ৪

২. ▶




ক. ব্যবস্থাপনা কী? ১

খ. ব্যবস্থাপনা থেকে প্রশাসন কীভাবে আলাদা? ব্যাখ্যা করো। ২

গ. ব্যবস্থাপনা চক্রে 'খ' চিহ্নিত কোন কাজটির অভাব অনুভূত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত "ব্যবস্থাপনা চক্রে ক চিহ্নিত কাজটি অন্যান্য কাজের মূল ভিত্তি।" তোমার মতামত দাও। ৪

৩. ▶ জনাব শারমিন একটি প্রসাধনিসামগ্রী উৎপাদন প্রতিষ্ঠানের মালিক। তিনি লক্ষ্য পূরণের জন্য তার উৎপাদন পরিকল্পনায় প্রায়শ পরিবর্তন আনেন। এতে পণ্যের গুণগত মান বৃদ্ধি পায় এবং ভোক্তাদের রুচি-পছন্দ ও চাহিদা মোতাবেক পণ্য ও সেবাকর্ম সরবরাহ করা যায়। ফলে মুনাফা অর্জনের সাথে সাথে প্রতিষ্ঠানের অন্যান্য লক্ষ্যও অর্জিত হয়। ঘন ঘন পরিকল্পনায় রদবদলের ফলে শ্রম অসন্তোষের সৃষ্টি হয়।

ক. স্থায়ী পরিকল্পনা কী? ১

https://teachingbd24.com

খ. পরিকল্পনার নমনীয়তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন ধরনের পরিকল্পনার ব্যবহার পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের জন্য কোন ধরনের পরিকল্পনা অধিকতর উপযোগী বলে তুমি মনে করো? তোমার মতামত ব্যক্ত করো। ৪

৪. ▶ জনাব দৌলা চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকার একটি শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি তার প্রতিষ্ঠানে কর্মচারীদের সব ধরনের আর্থিক সুযোগ-সুবিধা দিয়ে থাকেন। কিন্তু তাদের বিরূপ ও অস্বাস্থ্যকর কর্ম পরিবেশে কাজ করতে হয়। এমনকি তাদের কোনো প্রকার মতামত প্রকাশের সুযোগ দেয়া হয় না। ফলে প্রতিষ্ঠানে কর্মীদের ভেতর অসন্তোষ ও ক্ষোভের অবস্থা বিরাজ করছে। ফলে উৎপাদন ব্যাহতের পাশাপাশি প্রতিষ্ঠান লোকসানের সম্মুখীন হচ্ছে।

ক. মাজলো প্রদত্ত প্রেষণা তত্ত্বের নাম কী? ১

খ. প্রেষণা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব দৌলা কোন প্রকার প্রেষণা পদ্ধতির ওপর গুরুত্ব আরোপ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উৎপাদন ও মুনাফা বৃদ্ধিকল্পে দৌলা সাহেবের কিরূপ প্রেষণা প্রবর্তন করা উচিত? তোমার মতামত ব্যক্ত করো। ৪

৫. ▶ রেজা সাহেব একটি বৃহদায়তন প্রতিষ্ঠানের মালিক। তিনি প্রতিষ্ঠানে কর্মী নিয়োগের জন্য শ্রমিক সংঘের ও কর্মরত কর্মকর্তাদের সুপারিশকে প্রাধান্য দিয়ে থাকেন। এত করে কম সময় লাগে ও কম ঝামেলা পোহাতে হয়। এতে করে কর্মরত শ্রমিক ও নির্বাহীরাও খুশি থাকে।

ক. কর্মীসংস্থান কী? ১

খ. কর্মী সংগ্রহ থেকে কর্মী নির্বাচন কীভাবে আলাদা? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কর্মী নিয়োগের জন্য কোন উৎস ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রেজা সাহেব কর্মী সংগ্রহের জন্য যে উৎস ব্যবহার করেছেন তা কতখানি যুক্তিযুক্ত? তোমার মতামত দাও। ৪

৬. ▶ জনাব আফসার ৭ বৎসর যাবৎ আদিত্য নিটওয়্যার-এ কর্মরত ছিলেন। সম্প্রতি তিনি রজনী হোমটেক্স লি. এ উৎপাদন ব্যবস্থাপক হিসাবে যোগদান করেছেন। যোগদানের পরদিনই তাকে একটি স্বয়ংক্রিয় মেশিন ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে বলা হয়। তিনি এ সম্পর্কিত বিভিন্ন তথ্য পর্যালোচনা করে দেখলেন যে মেশিনটি নিঃসন্দেহে ব্যয় সাশ্রয়ী। তিনি শ্রমিক-কর্মীদের মতামত নিলেন। তাদের অধিকাংশই আগ্রহী নয় কারণ তারা এর ব্যবহার জানে না। তবে জনাব আফসারের মনে হলো প্রশিক্ষণের ব্যবস্থা করলে এই অবস্থা থাকবে না। ঝুঁকি থাকা সত্ত্বেও তিনি মেশিন ক্রয়ের ইতিবাচক সিদ্ধান্ত নিলেন। পরবর্তীতে দেখা গেল তার সিদ্ধান্তটি সঠিক ছিল।

ক. সিদ্ধান্ত গ্রহণ কী? ১


খ. "একক সিদ্ধান্ত গ্রহণ অপেক্ষা দলগত সিদ্ধান্ত গ্রহণ শ্রেয়"— ব্যাখ্যা করো। ২

গ. বিরূপ পরিস্থিতিতে জনাব আফসারের ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ সহায়তকারী মূল উপাদানটি কী? ব্যাখ্যা করো। ৩


https://teachingbd24.com

ঘ. সিদ্ধান্ত গ্রহণে বিবেচ্য বিষয়গুলোর যথাযথ বিবেচনায় জনাব আফসারের সঠিক সিদ্ধান্তের মূল্য ভিত্তি মূল্যায়ন করো। ৪

৭. ▶ AB লি.-এর সংগঠন কাঠামো




CD লি.-এর সংগঠন কাঠামো




ক. প্রশিক্ষণ কী? ১

খ. সংগঠন কাঠামো বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে CD লি.-এর সংগঠন কাঠামো কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. সংগঠন কাঠামোর দিক থেকে AB লি.-এর অসুবিধা বর্ণনা করো। ৪

৮. ▶ মিসেস কাকলী ইয়েলো অরেঞ্জ নামক প্রতিষ্ঠানের ক্রয় ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্মকর্তাদের দক্ষতা ও কর্মকুশলতার প্রতি সম্মান প্রদর্শন করে। প্রতিষ্ঠানের স্বার্থে যেকোনো সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা কর্মকর্তাদের দেয়া আছে। দাম তুলনামূলক কম হওয়ায় ক্রয় ব্যবস্থাপক মিসেস নুরুন্নাহার বিদেশ থেকে ৫ টন জুস আমদানি করে। আমদানির মাত্র ১ মাসের মধ্যে শীত এসে যাওয়ায় জুসের বিক্রি কমে যায়। এতে ঐ বছর প্রতিষ্ঠানটি লোকসানের সম্মুখীন হয়।

ক. নীতি কাকে বলে? ১


খ. নির্দেশনার ঐক্য নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ব্যবস্থাপনার কোন নীতির প্রতিফলন পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে লোকসানের জন্য ক্রয় ব্যবস্থাপকের কোন গুণের অভাব দায়ী বলে তুমি মনে করো। যুক্তিসহ মতামত দাও। ৪

৯. ▶





ক. বাজেট কী? ১

খ. নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ছকটি ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন কাজের প্রক্রিয়া/ধাপের সাথে সঙ্গতিপূর্ণ বলে মনে হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের ছকটি একটি অসম্পূর্ণ প্রক্রিয়া এবং 'অ' চিহ্নিত ধাপটি বর্ণিত প্রক্রিয়াটির অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ"— তোমার মতামতসহ মূল্যায়ন করো। ৪

১০. ▶




ক. ডিকোডিং কী? ১

খ. ফলাবর্তন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত চিত্রটি কোন ধরনের যোগাযোগ নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিভাগসমূহের আন্তঃনির্ভরশীল কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠানের উদ্দেশ্য অর্জনে সহায়ক— তুমি কি এর সাথে একমত? তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১১. ▶ ফাহিম এন্টারপ্রাইজের ব্যবস্থাপনা পরিচালক জনাব অরূপ এককভাবে প্রতিষ্ঠানের বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে থাকেন। অধীনস্থদের মতামত আমলে নেন না এবং জোরপূর্বক সিদ্ধান্ত বাস্তবায়ন করেন। প্রতিষ্ঠানটির মুনাফা নিম্নমুখী। এরূপ পরিস্থিতিতে ফাহিম এন্টারপ্রাইজের কর্মীরা চাকরি ত্যাগ করে পার্শ্ববর্তী এনাম এন্টারপ্রাইজে যোগদানের কথা ভাবছে। সেখানে সিদ্ধান্ত গ্রহণে কর্মীদের মতামত ও অংশগ্রহণকে গুরুত্ব দেয়া হয়। ফলে প্রতিষ্ঠানটির উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে।

ক. নেতৃত্ব কী? ১

খ. একজন নেতার দূরদর্শিতা থাকতে হয় কেন? ২

গ. ফাহিম এন্টারপ্রাইজের ব্যবস্থাপনা পরিচালক কর্মীদের উপর কোন ধরনের নেতৃত্ব প্রয়োগ করে থাকেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. এনাম এন্টারপ্রাইজের সিদ্ধান্ত গ্রহণে কর্মীদের মতামতের গুরুত্ব দেওয়ায় প্রতিষ্ঠানের উন্নয়ন ও মুনাফা বৃদ্ধি পেয়েছে— মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : ২৭৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ব্যবস্থাপনা কোন ধরনের প্রক্রিয়া?
ক) ধারাবাহিক প্রক্রিয়া  খ) অনিয়মিত প্রক্রিয়া
গ) অভ্যন্তরীণ প্রক্রিয়া  ঘ) বাহ্যিক প্রক্রিয়া

২. 'ব্যবস্থাপনা একটি সার্বজনীন বিষয়' এ কথাটি কে বলেছেন?
ক) হেনরি ফেয়ল  খ) সক্রেটিস
গ) এফ. ডব্লিউ টেলর  ঘ) রবার্ট ওয়েন

৩. "Industrial and General Administration" গ্রন্থটি রচনা করেন—
ক) এফ. ডব্লিউ টেইলর
খ) হেনরি ফেয়ল
গ) হুগু মানস্টার বার্গ
ঘ) লুকা প্যাসিওলি

৪. আদেশের ঐক্য বলতে কী বোঝায়?
ক) দ্বৈত আদেশ
খ) একাধিক বসের আদেশ
গ) সামঞ্জস্যপূর্ণ আদেশ
ঘ) একক বসের আদেশ

৫. ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি কোনটি?
ক) সংগঠন  খ) প্রেষণা
গ) পরিকল্পনা  ঘ) নিয়ন্ত্রণ

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

'Y' কোম্পানি তাদের ব্যবসায়িক কার্যক্রমকে উৎপাদন, বিপণন ও হিসাব বিভাগে বিন্যস্ত করে প্রত্যেক বিভাগের জন্য একজন করে বিশেষজ্ঞ নির্বাহী নিয়োগ দিল। প্রতিষ্ঠানটি কিছুদিন ভালো চললেও পরবর্তীতে বিভিন্ন সমস্যার সৃষ্টি হলো।

৬. উদ্দীপকে বর্ণিত Y কোম্পানির সংগঠন কাঠামো কোন প্রকৃতির?
ক) কার্যভিত্তিক
খ) সরলরৈখিক
গ) সরলরৈখিক ও পদস্থ
ঘ) কমিটি

৭. উদ্দীপকে বর্ণিত Y কোম্পানিতে সমস্যা সৃষ্টির কারণ হলো—
i. নির্বাহী ও উপদেষ্টার মধ্যে দ্বন্দ্ব
ii. সিদ্ধান্ত গ্রহণের দীর্ঘসূত্রিতা
iii. সংগঠন কাঠামোতে ত্রুটি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৮. নিচের কোনটি একার্থক পরিকল্পনা?
ক) লক্ষ্য  খ) উদ্দেশ্য
গ) বাজেট  ঘ) প্রজেক্ট

৯. পদোন্নতির ভিত্তি কয়টি?
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**

কনভয় ট্যুরস এন্ড ট্রাভেলসের কর্মীরা তাদের ইচ্ছেমতো কাজ করে থাকেন। কাজ সম্পর্কিত যাবতীয় সিদ্ধান্তও তারাই নিয়ে থাকেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানটির এমডি শুধু লক্ষ্য নির্ধারণ করে দিয়ে নিজে টেনশনমুক্ত থাকেন।

১০. কনভয় ট্যুরস এন্ড ট্রাভেলসে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান?
ক) স্বৈরতান্ত্রিক  খ) লাগামহীন
গ) কর্মকেন্দ্রিক  ঘ) কর্মীকেন্দ্রিক

১১. উক্ত নেতৃত্বের ফলে কনভয় ট্যুরস এন্ড ট্রাভেলসে—
i. কর্মীদের স্বেচ্ছাচারিতা বাড়বে
ii. বিশৃঙ্খলা বৃদ্ধি পাবে
iii. লক্ষ্যার্জন সহজ হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১২. ই-মেইলের জন্য আবশ্যকীয় হলো—
i. কম্পিউটার
ii. ইন্টারনেট
iii. প্রেরক ও প্রাপকের ঠিকানা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৩. বিভিন্ন ব্যক্তি ও বিভাগের কাজকে একসূত্রে গ্রথিত করার কাজকে কী বলে?
ক) নির্দেশনা  খ) নেতৃত্ব
গ) সমন্বয়  ঘ) সংগঠন

১৪. গ্যান্ট চার্ট ব্যবস্থাপনার কোন কাজের সাথে জড়িত?
ক) পরিকল্পনা  খ) সংগঠন
গ) প্রেষণা  ঘ) নিয়ন্ত্রণ

১৫. PERT-এর পূর্ণরূপ কী?
ক) Pricy evaluation and review technique
খ) Programme event and review technique
গ) Plan evaluation and review technnology
ঘ) Program evaluation and review technique

https://teachingbd24.com

১৬. সামরিক বাহিনীতে সাধারণত কোন সংগঠন ব্যবহৃত হয়?
ⓚ সরলরৈখিক
ⓚ কমিটি
ⓖ কার্যভিত্তিক
ⓘ সরলরৈখিক ও উপদেষ্টা

১৭. কোন সংগঠনে নির্বাহীদের পাশাপাশি বিশেষজ্ঞ কর্মী কাজ করে?
ⓚ সরলরৈখিক
ⓚ কার্যভিত্তিক
ⓖ কমিটি
ⓘ সরলরৈখিক ও পদস্থকর্মী

১৮. ব্যবস্থাপনাকে জ্ঞানের পৃথক শাখা হিসেবে কে তুলে ধরেছেন?
ⓚ রবার্ট ওয়েন ⓚ হেনরি ফেয়ল
ⓖ এলটন মেয়ো ⓘ ম্যাক্স ওয়েবার

১৯. দ্বৈত অধীনতা পরিহার করা উচিত কোন নীতির আলোকে?
ⓚ কার্য বিভাজন ⓚ নিয়মানুবর্তিতা
ⓖ আদেশের ঐক্য ⓘ নির্দেশনার ঐক্য

২০. মি. শরিফ 'ক' লিমিটেডের একজন ফোরম্যান হিসেবে কর্মরত। তাকে বলা যায় প্রতিষ্ঠানটির—
ⓚ নিম্ন-মধ্য পর্যায়ের ব্যবস্থাপক
ⓚ উচ্চ পর্যায়ের ব্যবস্থাপক
ⓖ নিম্ন পর্যায়ের ব্যবস্থাপক
ⓘ মধ্যম পর্যায়ের ব্যবস্থাপক

২১. কার্যভিত্তিক সংগঠনকে 'কার্যভিত্তিক ফোরম্যানশিপ' নাম দেন কে?
ⓚ নিউম্যান ⓚ আর. সি. ডেভিস
ⓖ এফ. ডব্লিউ টেলর ⓘ হেনরি ফেয়ল

২২. স্কয়ার লিমিটেডের বিক্রয় ব্যবস্থাপক জনাব অমিত হাসান। তিনি সবসময় কর্মীদের মানসিকতা, যোগ্যতা, রুচি ও দক্ষতা সম্পর্কে সজাগ থাকেন। এটি নেতার কোন গুণের আওতাভুক্ত?
ⓚ পরিবেশ সম্পর্কে জ্ঞান
ⓚ সম্মোহনি শক্তি
ⓖ অনুসারীদের সম্পর্কে জ্ঞান
ⓘ সময়ানুবর্তিতা

২৩. আধুনিক শ্রমিক-কর্মী ব্যবস্থাপনার জনক কে?
ⓚ এ্যাডম স্মিথ ⓚ জেমস স্টুয়ার্ট
ⓖ হেনরি ফেয়ল ⓘ রবার্ট ওয়েন

২৪. 'বিমা ব্যবস্থা' কোন প্রেষণার অন্তর্ভুক্ত?
ⓚ আর্থিক ⓚ অনার্থিক
ⓖ কল্যাণমূলক ⓘ ঝুঁকিমূলক

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।

XYZ কোম্পানির মহাব্যবস্থাপক মি. আবদুল আজিজ। তিনি বড় অঙ্কের বেতন ছাড়াও কোম্পানি প্রদত্ত দামি মার্সিডিস গাড়ি এবং ডুপ্লেক্স বাড়ি পান। প্রায়ই কোম্পানির নিজ খরচে তিনি ইউরোপ আমেরিকা ভ্রমণ করেন।

২৫. মি. আজিজ মাসলোর প্রেষণা তত্ত্বের কোন স্তরে অবস্থান করছেন?
ⓚ ২য় ⓚ ৩য়
ⓖ ৪র্থ ⓘ ৫ম

২৬. প্রাপ্ত সুযোগ-সুবিধার কারণে মি. আজিজের—
i. মনোবল বৃদ্ধি পায়
ii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
iii. কার্যসন্তুষ্টি বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৭. একই বিভাগের বিভিন্ন স্তরের ও ভিন্ন ভিন্ন পদাধিকারী ব্যবস্থাপকগণের মধ্যে যে যোগাযোগ হয় তাকে কোন যোগাযোগ বলে?
ⓚ Downword ⓚ Upword
ⓖ Vertical ⓘ Horizontal

২৮. যোগাযোগের সমার্থক প্রক্রিয়া কোনটি?
ⓚ পরিকল্পনা ⓚ প্রেষণা
ⓖ নিয়ন্ত্রণ ⓘ সমন্বয়সাধন

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

সুমি এন্টারপ্রাইজের সাপ্তাহিক উৎপাদনের লক্ষ্যমাত্রা ১০,০০০ একক। কিন্তু সপ্তাহান্তে প্রকৃত উৎপাদনের পরিমাণ হলো ৮,৫০০ একক। ফলে প্রতিষ্ঠানটি তার ফরমায়েশ অনুযায়ী সময়মতো পণ্য সরবরাহ করতে ব্যর্থ হচ্ছে।

২৯. উদ্দীপকে বর্ণিত সুমি এন্টারপ্রাইজের বিচ্যুতির পরিমাণ নির্ধারণ করার জন্য ব্যবস্থাপনার কোন কাজ করতে হবে?
ⓚ পরিকল্পনা ⓚ সংগঠন
ⓖ সমন্বয়সাধন ⓘ নিয়ন্ত্রণ

৩০. উদ্দীপকে বর্ণিত সুমি এন্টারপ্রাইজের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় হলো—
i. সঠিক লক্ষ্যমাত্রা নির্ধারণ
ii. কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থাকরণ
iii. তদারকি ব্যবস্থা জোরদারকরণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd24.com